

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

নং-৪৬.০৪২.০১১.০১.০০.০০১.২০১৪- ৪৪৬৬

তারিখঃ ১০/১২/২০১৫।

বিষয়ঃ জেলা পরিষদের সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র : ময়মনসিংহ জেলা পরিষদের স্মারক নং-৪৬.৪২.৬১০০.০০১.১১.০০১.১৫-১০৪৪, তারিখঃ ২৯.১০.২০১৫ খ্রিঃ।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ময়মনসিংহ জেলা পরিষদের মালিকানাধীন নবনির্মিত ডাকবাংলো ও অডিটরিয়াম পরিষ্কার পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে নিম্নে বর্ণিত শর্তে সাংগঠনিক কাঠামো বহির্ভূত পদে দৈনিক মজুরী ভিত্তিতে ২জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

ক্রঃ নং	ডাকবাংলোর নাম	পদ সংখ্যা
১	ধোবাউড়া উপজেলার ধোবাউড়া ডাকবাংলো	১টি
২	ঈশ্বরগঞ্জ উপজেলার ঈশ্বরগঞ্জ অডিটরিয়াম কাম-কমিউনিটি সেন্টার	১টি

শর্তসমূহঃ

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে।
- ২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পারবেনা।
- ৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।
- ৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না।
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ময়মনসিংহ।


(জুবাইদা নামরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-igzp@lgd.gov.bd

অনুলিপিঃ (জ্ঞাতার্থে /কার্যার্থে) :

- ১। প্রশাসক, জেলা পরিষদ, ময়মনসিংহ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।